



উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার ডিসেম্বর/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ও সময় : ৩১-১২-২০২৩খ্রিঃ, বেলা ১২:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, চর বালুয়াতে টিকাদান কার্যক্রম নিয়মিতভাবে রাখার জন্য ভলেন্টিয়ার নিয়োগ করার জন্য পরবর্তী করণীয় হিসেবে ইউএনও মহোদয় এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাসহ ভিজিট করা প্রয়োজন।	চর এলাহী ইউনিয়নে টিকা কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে স্থানীয়ভাবে টিম গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
২। উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, রবি ২০২৩-২৪ মৌসুমে কৃষি প্রণোদনা (সরা ও বীজ) বিতরণের অংশ হিসেবে এ উপজেলায় বোরো (উফশী ২৫০০ জন এবং হাইব্রিড ১৫০০ জন) মোট ৪০০০ জনের মাঝে বিতরণ করা হয়েছে। রবি ২০২৩-২৪ মৌসুমে ৭৫১০ জনের বরাদ্দ পাওয়া গেছে ৬১১০ জনের মধ্যে বীজ বিতরণ করা হয়েছে বাকী ১৪০০ জনের মধ্যে চিনাবাদাম ও সয়াবিন বীজ পাওয়ার সাথে সাথে বিতরণ করা হবে। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	প্রকৃত কৃষকদের মাঝে সার ও বীজ সঠিক পরিমাণে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার।
৩। উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তার দপ্তরের একটি পরিত্যক্ত ভবন কনডেম ঘোষণার নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া সমন্বিত (পোল্ট্রি ও মৎস্য) খামার না করার বিষয়ে খামারীদের নিয়ে সচেতনতামূলক সভা আয়োজনের বিষয়ে আলোচনা করেন।	১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়ের পরিত্যক্ত ভবনটি কনডেম ঘোষণার নিমিত্ত উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুতপূর্বক জেলা কনডেমেনেশন কমিটিতে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন। ২) সমন্বিত (পোল্ট্রি ও মৎস্য) খামার না করার বিষয়ে খামারীদের নিয়ে সচেতনতামূলক সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী
৪। মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা
৫। পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ২নং চরপার্বতী ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি পরিত্যক্ত। পরিবার কল্যাণ পরিদর্শকগণ এ ঝুঁকিপূর্ণ ভবনে সেবা দিয়ে আসছে। অত্র ঝুঁকিপূর্ণ ভবনের পরিবর্তে নতুন ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। চরএলাহী পরিবার পরিকল্পনা কেন্দ্রের বকেয়া ভাড়া আদায়ের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া তার দপ্তরের স্টোর রুমের ছাদ থেকে বর্ষাকালে পানি পড়ে, উক্ত স্টোর রুমের ছাদ মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।	২নং চরপার্বতী ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য নতুন ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, পরিবার পরিকল্পনা দপ্তরের স্টোর রুমের ছাদ মেরামত করা এবং চরএলাহী পরিবার পরিকল্পনা কেন্দ্রের বকেয়া ভাড়া পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী। উপজেলা পঃপঃ কর্মকর্তা

৬। এলজিইডি : (ক) ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) আওতায় বাস্তবায়নের জন্য উপজেলা চেয়ারম্যান ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের প্রেরিত ক্ষীমসমূহ হতে ১৫-১১-২০২৩ ইং তারিখে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর স্বাক্ষরের মাধ্যমে এডিপি তালিকা চূড়ান্ত করা হয়। উক্ত চূড়ান্ত তালিকার চরএলাহী ইউনিয়নের চরএলাহী নতুন আশ্রয়ন রাস্তা সলিংকরণ এর পরিবর্তে জৈতুন নাহার কাদের মহিলা কলেজের বাউন্ডারি ওয়ালের প্লাস্টার করার প্রস্তাব করা হয় এবং ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি ইজিপির মাধ্যমে টেন্ডার প্রক্রিয়ায় যাওয়ার প্রস্তাব করা হয়। (খ) উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে নির্মিতব্য উপজেলা পরিষদ পাবলিক লাইব্রেরি কাম সাংস্কৃতিক কেন্দ্রটির বর্ধিত অংশ নির্মাণের মিমিত্ত ৬৫,৪৮,১৮২.০৮ টাকার প্রাক্কলন করা হয় এবং প্রাক্কলন অনুযায়ী উপজেলা পরিষদ উদ্বৃত্ত উন্নয়ন তহবিলে অর্থায়নে বাস্তবায়নের জন্য উপজেলা উপকৌশলী কর্তৃক প্রস্তাব করা হয়। (গ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের বিপরীতে অর্থের দ্বারা বাস্তবায়নযোগ্য প্রকল্পগুলো চূড়ান্ত হওয়া তালিকাটি পুনরায় যাচাই-বাছাইয়ের লক্ষ্যে আগামী ১০-০২-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে যাচাই-বাছাই কমিটির সভা আহ্বান করার বিষয়ে আলোচনা করা হয়।	(ক) ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) আওতায় বাস্তবায়নের জন্য ১৫-১১-২০২৩ ইং তারিখের চূড়ান্ত তালিকার চরএলাহী ইউনিয়নের চরএলাহী নতুন আশ্রয়ন রাস্তা সলিংকরণ এর পরিবর্তে জৈতুন নাহার কাদের মহিলা কলেজের বাউন্ডারি ওয়ালের প্লাস্টার করার প্রস্তাব করা হয় এবং ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি ইজিপির মাধ্যমে টেন্ডার প্রক্রিয়ায় যাওয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) উপজেলা পরিষদ পাবলিক লাইব্রেরী কাম সাংস্কৃতিক কেন্দ্রের ভবনটির বর্ধিত অংশ উপজেলা রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলের অর্থায়নে (প্রাক্কলিত ব্যয় ৬৫,৪৮,১৮২.০৮ টাকা) বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের বিপরীতে অর্থের দ্বারা বাস্তবায়নযোগ্য প্রকল্পগুলো চূড়ান্ত হওয়া তালিকাটি পুনরায় যাচাই-বাছাইয়ের লক্ষ্যে আগামী ১০-০২-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে যাচাই-বাছাই কমিটির সভা আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী
৭। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ : উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় নিম্নোক্ত আলোচনাসমূহ করেন। ক) সিরাজপুর ইউনিয়নের শাহজাদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনের সাম্মুখে হাই স্কুলে প্রবেশের জন্য একটি রাস্তা নির্মাণ করা হয়েছে। এত প্রাথমিক বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীদের চলাচলে বিঘ্ন ঘটছে। স্থানীয় ইউপি সদস্যের উদ্যোগে রাস্তাটি নির্মাণ করা হয়েছে। খ) প্রাথমিক বিদ্যালয়ে স্কাউট কার্যক্রম সক্রিয় করার বিষয়ে আলোচনা করেন। গ) পাইলট প্রোগ্রাম হিসেবে প্রাথমিক বিদ্যালয়ের সাথে ইসলামিক ফাউন্ডেশনের গণশিক্ষা/কুরআন শিক্ষা প্রোগ্রাম মার্জ করার বিষয়ে আলোচনা করেন। ঘ) প্রাথমিক বিদ্যালয়সমূহের SMC- এর নিয়মিত সভা করার বিষয়ে আলোচনা করেন। ঙ) স্কুল/মাদ্রাসা/ ইত্যাদি প্রতিষ্ঠান স্থাপন/পাঠদান শুরুর পূর্বে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নেয়ার ব্যবস্থা করার বিষয়ে আলোচনা করেন। চ) চরএলাহী ইউনিয়নের চরলেংটা সরকারি প্রাথমিক বিদ্যালয় নদীর ওপারে স্থানান্তরের বিষয়ে আলোচনা করেন।	ক) সিরাজপুর ইউনিয়নের শাহজাদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনের সাম্মুখে হাই স্কুলে প্রবেশের জন্য তৈরিকৃত রাস্তাটি প্রাথমিক বিদ্যালয়ে ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়। খ) প্রাথমিক বিদ্যালয়ে স্কাউট কার্যক্রম সক্রিয় করা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। গ) পাইলট প্রোগ্রাম হিসেবে প্রাথমিক বিদ্যালয়ের সাথে ইসলামিক ফাউন্ডেশনের গণশিক্ষা/কুরআন শিক্ষা প্রোগ্রাম মার্জ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ঘ) প্রাথমিক বিদ্যালয়সমূহের SMC- এর নিয়মিত সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ঙ) স্কুল/মাদ্রাসা/ ইত্যাদি প্রতিষ্ঠান স্থাপনের পূর্বে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নেয়ার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। চ) চরএলাহী ইউনিয়নের চরলেংটা সরকারি প্রাথমিক বিদ্যালয় নদীর ওপারে স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন কোম্পানীগঞ্জ, নোয়াখালী
৮। যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার অধিদপ্তরের বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ চলমান আছে। জানুয়ারি/২০২৪ মাসে দুই জন উদ্যোক্তা সদস্যকে ২৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা করে যুব ঋণ প্রদান করা হবে। মাদক, বাল্য বিবাহ, ইভটিজিং এবং সন্ত্রাস বিরোধী ০১ দিনের জনসচেতনতামূলক কর্মশালা জানুয়ারি/২০২৪ মাসে অনুষ্ঠিত হবে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	ঋণ প্রদান এবং ঋণ আদায়ে ব্যবস্থা গ্রহণ, মাদক, বাল্য বিবাহ, ইভটিজিং এবং সন্ত্রাস বিরোধী ০১ দিনের জনসচেতনতামূলক কর্মশালা যথাযথভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

৯। মহিলা বিষয়ক অধিদপ্তর : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলায় ৯টি কিশোর কিশোরী ক্লাব রয়েছে। ক্লাবে শিক্ষকগণ থাকেন। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠান থেকে সহযোগিতা পাওয়া যায়। বন্ধের দিনে কিশোর কিশোরী ক্লাবের ক্লাশে শিক্ষার্থীরা উপস্থিত থাকেন। এছাড়া কিশোর কিশোরী ক্লাবে শিক্ষক নিয়োগের তালিকা প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।	কিশোর কিশোরী ক্লাবের সকল প্রোগ্রামে প্রতিষ্ঠানের শিক্ষকগণের উপস্থিতি থাকা এবং সকল বিদ্যালয়ের শিক্ষকগণকে নিয়ে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
১০। সমবায় বিভাগ : উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, ১৭-০১-২০২৪ খ্রি : তারিখে সিরাজপুর চাড়াভিটি ব্যবসায়ী সমবায় সমিতি লি : এর নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	সিরাজপুর চাড়াভিটি ব্যবসায়ী সমবায় সমিতি লি : এর নির্বাচন বিধি মোতাবেক সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা
১১। খাদ্য বিভাগ : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, সরকারিভাবে সরবরাহকৃত ২০২৪ সালের জন্য মাধ্যমিক পর্যায়ের ৬ষ্ঠ-৯ম শ্রেণী এবং মাদ্রাসার ১ম থেকে ৯ম শ্রেণী পর্যন্ত বিনামূল্যে পাঠ্যপুস্তক এ পর্যন্ত প্রাপ্ত পাঠ্যপুস্তকের ৯৫% বিতরণ করা হয়েছে। ১৮-২৪ ডিসেম্বর ০৭ দিনব্যাপী নতুন কারিকুলাম বিতরণ বিষয়ে ৮ম ও ৯ম শ্রেণির বিষয়ভিত্তিক শিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া তিনি মাধ্যমিক বিদ্যালয়সমূহে বিজ্ঞান ক্লাব, আইসিটি ক্লাব, ডিবেটিং ক্লাব গঠন ও স্কাউটিং কার্যক্রম সক্রিয়করণের বিষয়ে আলোচনা করেন এবং বিদ্যালয়সমূহের ম্যানেজিং কমিটির নিয়মিত সভা করার জন্য অনুরোধ করেন।	মাধ্যমিক বিদ্যালয়সমূহে বিজ্ঞান ক্লাব, আইসিটি ক্লাব, ডিবেটিং ক্লাব গঠন ও স্কাউটিং কার্যক্রম সক্রিয়করণের এবং বিদ্যালয়সমূহের ম্যানেজিং কমিটির নিয়মিত সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কোম্পানীগঞ্জ, নোয়াখালী
১৩। পরিসংখ্যান বিভাগ : উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ
১৪। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর : উপজেলা সহকারী প্রোগ্রামার দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রশিক্ষণে থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
১৫। বন বিভাগ : উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, মুছাপুরে অনেক লোকজন পিকনিক করতে যায়। তাদের ব্যবহারের জন্য সেখানে ওয়াশরুম তৈরি করা প্রয়োজন।	মুছাপুর ক্রোজারের নিকটে একটি ওয়াশরুম তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী
১৬। জনস্বাস্থ্য বিভাগ : উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
১৭। ব্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
১৮। সমাজসেবা বিভাগ: উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা,
১৯। বিদ্যুৎ বিভাগ: আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

২০। ডিজিএম (পল্লী বিদ্যুৎ) : ডিজিএম (পল্লী বিদ্যুৎ) সভায় জানান যে, বর্তমানে চাহিদা অনুযায়ী গ্রীড (চৌমুহনী, বেগমগঞ্জ) থেকে বিদ্যুৎ সরবরাহ করায় লোডশেডিং নেই। সেচ কার্যক্রম চালু হওয়ায় বিশেষ করে চরএলাহী ইউনিয়নে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিজিএম (পল্লী বিদ্যুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২১। পল্লী উন্নয়ন অফিস : পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
২২। বিএডিসি বিভাগ : উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় জানান যে, ছোট ফেনী নদীতে পর্যাপ্ত পানি না থাকায় এ বছর চরপার্বাতী ইউনিয়নে ধান চাষ ব্যাহত হবে।	বিএডিসি এবং পানি উন্নয়ন বোর্ডের সাথে পানি নিষ্কাশনের বিষয়ে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ)
২৩। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর: উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা), কোম্পানীগঞ্জ, নোয়াখালী সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা)
২৪। ইসলামিক ফাউন্ডেশন: ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কোম্পানীগঞ্জ, নোয়াখালী চরএলাহী ইউনিয়নে একটি মাদ্রাসার জায়গা সংক্রান্ত বিরোধের কথা বলেন এবং আশ্রয়ণ কেন্দ্রসমূহে মসজিদ ভিত্তিক শিশুশিক্ষা কার্যক্রম চালুকরণের বিষয়ে আলোচনা করেন।	চরএলাহী ইউনিয়নে একটি মাদ্রাসার জায়গা সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং আশ্রয়ণ কেন্দ্রসমূহে মসজিদ ভিত্তিক শিশুশিক্ষা কার্যক্রম চালুকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২৫। তথ্য কেন্দ্র : তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, ডোর টু ডোর সেবা : প্রাথমিক স্বাস্থ্য সেবা (ডায়াবেটিস পরিমাপ, রক্তচাপ পরিমাপ, ওজন, উচ্চতা এবং তাপমাত্রা পরিমাপ) চলমান রয়েছে। উঠান বৈঠক : ডিসেম্বর/২৩ মাস মাসে ০৩টি উঠান বৈঠক করা হয়েছে। যেখানে প্রতি উঠান বৈঠকে ৫০ জন করে সেবাপ্রার্থীতা (মহিলা) অংশগ্রহণ করে।	প্রমাপ অনুযায়ী প্রতি মাসে উঠান বৈঠক করার সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ,
২৬। চেয়ারম্যান, ০৫নং চরফকিরা ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নের ০৯নং ওয়ার্ডে একটি বক্স কালবার্ট প্রয়োজন এবং চাপরাশিরহাট বাজারে একটি ওয়াশ ব্লক প্রয়োজন।	সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
২৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী রংমালা রোডের সাথে ৩০০ ফিট একটি সংযোগ সড়ক নির্মানের জন্য অনুরোধ করেন।	রংমালা রোডের সাথে ৩০০ ফিট একটি সংযোগ সড়ক নির্মানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী
২৮। উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী নিম্নোক্ত আলোচনা করেন; ক. নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে প্রতিমাসে ০১টি করে স্কুলভিত্তিক সচেতনতামূলক সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। খ. উপজেলার ১৭টি স্টাডিং কমিটির সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ক. নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে প্রতিমাসে ০১টি করে স্কুলভিত্তিক সচেতনতামূলক সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। খ. উপজেলার ১৭টি স্টাডিং কমিটির সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা, নোয়াখালী খ) সংশ্লিষ্ট সকল

২৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী নিম্নোক্ত আলোচনা করেন; ক. উপজেলা পরিষদ নিয়ে একটি মাস্টার প্ল্যান তৈরি করতে হবে সে অনুযায়ী উন্নয়ন কার্যক্রম সম্পাদন করতে হবে। খ. কোম্পানীগঞ্জ উপজেলা মডেল মসজিদের জন্য জেলা পরিষদ, নোয়াখালী কর্তৃক বরাদ্দকৃত অর্থ উপজেলা পরিষদ লাইব্রেরী কাম সাংস্কৃতিক কেন্দ্রে ব্যয় করার জন্য অনুরোধ করেন। গ. শেখ রাসেল শিশু পার্ক কোম্পানীগঞ্জ উপজেলাধীন ০৭নং মুছাপুর ইউনিয়নে স্থাপন করার বিষয়ে আলোচনা করেন। ঘ. চরএলাহী ইউনিয়নে মুক্তিযোদ্ধাদের অনুকূলে ইতিপূর্বে বন্দোবস্তকৃত ভূমি বুঝিয়ে দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। ঙ. চর এলাহী ইউনিয়নে ১০ একর জমি নিয়ে পরিকল্পিতভাবে ঐ এলাকার জনগণের জন্য স্কুল, কলেজ, হাসপাতালসহ ইত্যাদি প্রতিষ্ঠান স্থাপনের বিষয়ে আলোচনা করেন।	ক. উপজেলা পরিষদ নিয়ে একটি মাস্টার প্ল্যান তৈরিপূর্বক উন্নয়ন কার্যক্রম সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। খ. কোম্পানীগঞ্জ উপজেলা মডেল মসজিদের জন্য জেলা পরিষদ, নোয়াখালী কর্তৃক বরাদ্দকৃত অর্থ উপজেলা পরিষদ লাইব্রেরী কাম সাংস্কৃতিক কেন্দ্রে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। গ. শেখ রাসেল শিশু পার্ক কোম্পানীগঞ্জ উপজেলাধীন ০৭নং মুছাপুর ইউনিয়নে স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ঘ. চরএলাহী ইউনিয়নে মুক্তিযোদ্ধাদের অনুকূলে ইতিপূর্বে বন্দোবস্তকৃত ভূমি বুঝিয়ে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ঙ. চর এলাহী ইউনিয়নে ১০ একর জমি নিয়ে পরিকল্পিতভাবে ঐ এলাকার জনগণের জন্য স্কুল, কলেজ, হাসপাতালসহ ইত্যাদি প্রতিষ্ঠান স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)/ উপজেলা প্রকৌশলী/ কোম্পানীগঞ্জ, নোয়াখালী
২৮। উপজেলা পরিষদ বিবিধ : (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। (খ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের ছোট হলরুমের ওয়াশরুম মেরামত করা, পুরাতন ভবনের কমন ওয়াশরুমের সেফটি টাংকি পরিষ্কার এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সেফটি টাংকি পরিষ্কারের বিষয়ে আলোচনা করা হয়। (গ) উপজেলা পরিষদ ক্যাম্পাস (নতুন ভবন, পুরাতন ভবন ও পুরাতন কোর্ট ভবনের চারপাশ) পরিষ্কার পরিচ্ছন্নকরণের বিষয়ে আলোচনা করা হয়।	(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের ছোট হলরুমের ওয়াশরুম মেরামত করা, পুরাতন ভবনের কমন ওয়াশরুমের সেফটি টাংকি পরিষ্কার এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সেফটি টাংকি পরিষ্কারের ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) উপজেলা পরিষদ ক্যাম্পাস (নতুন ভবন, পুরাতন ভবন ও পুরাতন কোর্ট ভবনের চারপাশ) পরিষ্কার পরিচ্ছন্নকরণের ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার কোম্পানীগঞ্জ, নোয়াখালী

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 (মোহাম্মদ শাহাব উদ্দিন)
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর : ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩-৬৫

তারিখ : ০৯ জানুয়ারি ২০২৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।
- ০৭। উপজেলা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ০৮। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

মো: আদোয়ার হোসাইন পাটোয়ারী

উপজেলা নির্বাহী অফিসার

কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

ফোন : ০২৩৩৪৪৯৪২০৪

E-mail: unocompaniganjinoakhali@mopa.gov.bd,